



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৬ জানুয়ারি ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### মানিকছড়িতে ইউপিডিএফ সদস্যকে গুলি করে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা এক বিবৃতিতে আজ ২৬ জানুয়ারি ২০১৫ সোমবার সকালে খাগড়াছড়ির মানিকছড়িতে সেনাবাহিনী ও সন্ত লারমা মদদপুষ্ট বোরকা পার্টির সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সদস্য উচিমং মারমা ওরফে বারু (১৮)-কে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, উচিমং মারমা সহ ইউপিডিএফের তিন সদস্য সাংগঠনিক কাজে ১নং মানিকছড়ি ইউনিয়নের লাফাইডং পাড়ার একটি বাড়িতে অবস্থান করছিলেন। সকাল আনুমানিক ৯টার সময় আগে থেকে গুঁৎ পেতে থাকা বোরকা পার্টির একদল সশস্ত্র সন্ত্রাসী তাদের উপর গুলি চালায়। এ সময় তারা পালিয়ে যাওয়ার চেষ্টা করলে সন্ত্রাসীদের উপর্যুপরি ব্রাশ ফায়ারে উচিমং মারমা ঘটনাস্থলে নিহত হন। অবশ্য অপর দু'জন অক্ষত অবস্থায় কোন রকমে পালিয়ে যেতে সক্ষম হয়েছেন।

নিহত উচিমং মারমা বাটনাতলী ইউনিয়নের মরাডলু গ্রামের বালাচু মারমার ছেলে।

বিবৃতিতে প্রদীপন খীসা আরো বলেন, বোরকা পার্টির সন্ত্রাসীরা খুন, অপহরণ, মুক্তিপণ আদায় সহ নানা অপকর্ম চালিয়ে গেলেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ করে না। সেনাবাহিনী এসব সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয় দিয়ে এ ধরনের খুন-খারাবির কাজে নিয়োজিত রেখে এলাকায় ত্রাসের পরিস্থিতি সৃষ্টি করছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে উচিমং মারমার হত্যাকারী বোরকা পার্টির সন্ত্রাসীদের খুঁজে বের করে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি এবং তাদের সেনা মদদদান বন্ধ করার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।